দৈনিক খবর

তারিখ ... 01 NOV 1990 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

২৫

43

# বাংলাদেশ মৌলিক শিক্ষাকে উচ্চ অগ্রাধিকার দিয়েছে
## —কাজী জাফর

ব্রীজটাউন, (বারবাডোস) ৩১শে অক্টোবর (বাসস)।— বাংলাদেশে মৌলিক শিক্ষাকে উচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। প্রধানমন্ত্রী কাজ জাফর আহমদ কমনওয়েলথ শিক্ষামন্ত্রীদের ১১তম সম্মেলনের প্রতিনিধিদের এ কথা অবহিত করেন। বারবাডোসে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

সম্মেলনের আজকের সকালের অধিবেশনে বাংল্যাদেশের প্রধানমন্ত্রী ছিলেন প্রধান বক্তা। ৪০ জন মন্ত্রীসহ ৫০টি কমনওয়েলথ দেশের প্রতিনিধি এ সম্মেলনে অংশ নিয়েছে।

কাজী জাফর আহমদ তাঁর ভাষণে বাংলাদেশের শিক্ষা নীতির মূল উপাদানসমূহ তুলে ধরেন। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে অনুসৃতব্য কৌশলের ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। অন্যান্যের মধ্যে তিনি আগামী ১৯৯১-এর জানুয়ারী থেকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং ৮ম শ্রেণী পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা কর্মসূচীর কথা উল্লেখ করেন।

মন্ত্রী সাধারণভাবে মানব সম্পদ এবং বিশেষ করে শিক্ষার উন্নয়নে প্রেসিডেন্ট এরশাদের গতিশীল নেতৃত্বের কথা উল্লেখ করেন।

বিকেন্দ্রীকরণ প্রশাসনের সকল পর্যায়ে নীতি বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে গনপ্রতিনিধিগণ কিভাবে জড়িত তিনি তা বর্ণনা করে। তিনি বিশেষ করে পথকলি ট্রাস্টের কথা উল্লেখ করেন। এটি ফার্স্ট লেডি রওশন এরশাদের চেতনায় গড়ে উঠা একটি সংগঠন।